

কবিতা

আর্থনীল মুখোপাধ্যায়

মানবতা রাস্কুসে, সমাজ কারেক্টিভ-প্রেডিক্টিভ :: নভেম্বর ২২, ২০১৭

কাচের মধ্যে দিয়ে দেখলে
আর প্রথমেই চোখে পড়লো নিকটতমকে।
ক্রিসমাসের স্টিকার - পাতলা বরফ, লম্বা তুষারকণা, স্নেজ
আর লাল, বাসনায় ফোলা এক পার্শ্বচরিত্র

ঘন লোহিত সরু খাঁজগুলো তুমি নামিয়ে দিলে
সঙ্গে ভবিষ্যতের ছাইনীল নিরাকারে
যার ওপর দিয়ে ঘুরে ঘুরে বাজছে
আমাদের অজানা অজ্ঞানের গান।
এখনো কোনক্রমে বুলে আছে যা যা
এখনো রঙিন, এখনো জীবন্ত

হতেই পারে মানবতার চেহারাটা রাস্কুসে
যদিও বাজারের গ্রাফ উঠছে জিরাফ জিরাফ
সমাজ কারেক্টিভ-প্রেডিক্টিভ
তেমনি আমার অনেক আমি
যেমন জীবন ও প্রকৃতির।
অ্যামুলেন্স আর বন্দুকের শব্দ
প্রায় তরঙ্গদৈর্ঘ্যে মিলে যাচ্ছিলো
যখন তুমি বৃষ্টির শব্দ পেলে
সয় সস আর আবানেরো, আছড়ে পড়লো
শুনলাম রাজার সান্দ্রীরা ছুটে আসছে

আরেকটু বলো না, শুনতে চাই
জানলা-উঁকির মনস্তত্ত্ব নিয়ে

বালির প্রাসাদ থেকে ধার করা কিছু মুহূর্ত :: নভেম্বর ১৯, ২০১৮

ভাঙা আয়নার শূন্যতা
শনাক্ত করা কঠিন/ আপনার অশ্রুর অতলে
তাকে দ্রবীভূত করা / সোজা না
মনের এক টুকরোয়
ছোপ লাগলে / শতাধিককে কবর দিতে গেলে
আর ফাঁক থাকে না
প্রতুষ আর নিশার মাঝখানে

অন্ধকার ঘাগরা ছড়িয়ে বসলো
কংক্রিট করিডোরের দীর্ঘায়নে
একটু বালিবিষাদ ভেতরে মাথিয়ে নিতে
বালির প্রাসাদ থেকে ধার করেছি
কিছু মুহূর্ত

বিছানার পড়শি টেবিলে
জাস্ট একটা জলের গেলাস
সংলাপের ভগ্নাংশ
সরানো ... ওপড়ানো... নিঃশব্দ
এমনকি চোখও

আছে চমকানি, কাঁপ । হিংসা আছে :: জানুয়ারী ১১, ২০১৯

সব নকশার সম্পূর্ণ বিপর্যয় চেয়ে
সাগরকে ডেকে আনি
সৈকতের টেবিলের ওপরে রাখি
পরীক্ষা করি

চমকানি আছে, কাঁপ আছে
আছে হিংসা, সন্ত্রাস
কিন্তু নির্দিষ্ট নকশা নেই
তার থেকে কোনো বৈশিষ্ট্য টানা যায় না
একটু খোলা হাওয়ার সার্বিক গুণ
নৈরাশ্যের সমস্ত বিপরীতার্থক -
এইই

পাড়ের কাছেই দেখি ডায়নোসরকে
তার লাভণ্যর কনট্রোল ভল্যুমেসর ভেতর-
ফেরে, ঘোরে, নিয়ন্ত্রণনবলয়, খোঁড়ে পরিখা
মাটি, ময়লা ফেলে
নিচের অন্তঃসারে চায়
প্যালিম্‌সেস্টের ওপর নানা অধিলিপি
পৃথিবীর ওপর পৃথিবী
তবুও কোনো নকশা ফুটে ওঠেনি/ নির্দিষ্ট
হয়তো সাগর ফুঁড়ে বেরবে

মহিলার ছেলে হাসপাতালে জেগে উঠলো
সম্পূর্ণ এক সপ্তাহের পর
মহিলার দুটো পা নেই

রাতের বেশ কয়েক ফার্লং ভেতরে
ক্রাচ খোঁড়ে, ডায়নোসর নয়
বুম নয়, কেননা আখ্যায়িকার ওপর
একটা রোষ আমার পোষা

তেমন কিছুই না
শুধু হাওয়াবাজ চুল আর দ্বিতীয় বুৎপন্নগুলো
ক্যামপারিতে চোবানো চিনে মুনকেক বড় প্রিয়
সোনালি অরমল্যুতে ডোবানো



আর্যনীল মুখোপাধ্যায় দ্বিভাষিক কবি, প্রাবন্ধিক, অনুবাদক, সম্পাদক ও চিত্রনাট্যকার। বাংলা ও ইংরেজী মিলিয়ে ৯টি কাব্যগ্রন্থের মধ্যে স্মৃতিলেখা (২০১২), সুনামির এক বছর পর (২০০৮), চতুরাঙ্গিক/SQUARES (২০০৯, প্যাট ক্লিফোর্ডের সাথে), late night correspondence (2008), খেলার নাম সবুজায়ন (২০০০) প্রভৃতি। গদ্য/প্রবন্ধের বই পাঁচ, অসংখ্য দ্বিভাষিক অনুবাদ। ঔর বহু ইংরেজী কবিতা আন্তর্জাতিক সংকলনভুক্ত। কৌরব পত্রিকা, কৌরব অনলাইন ও The MUD Proposal সম্পাদনা করেন। মহাকাশ প্রযুক্তিতে পিএইচডি, পেশা - কারিগরি গণিত।